

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)  
গাজীপুর-১৭০১।  
www.nata.gov.bd



স্মারক নম্বর: ১২.১৫.০০০০.০০২.২৫.০১৫.১৯.১১৭

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭

২৮ মার্চ ২০২১

বিষয়: নাটা, গাজীপুরে অনুষ্ঠিতব্য “Seed Technology” শীর্ষক প্রশিক্ষণ কোর্সের জন্য প্রশিক্ষার্থী মনোনয়ন প্রদান।

কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের নবম গ্রেড হতে তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের জন্য ১০ (দশ) দিন ব্যাপী “Seed Technology” শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি আগামী ২৫/০৪/২১ হতে ০৪/০৫/২১ খ্রি. তারিখ পর্যন্ত জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুরে অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে আপনার প্রতিষ্ঠান থেকে নিম্নবর্ণিত তালিকা অনুযায়ী প্রশিক্ষার্থী মনোনয়ন প্রদান পূর্বক মনোনীত কর্মকর্তার নাম, পদবী, কর্মস্থলের ঠিকানা, মোবাইল ও ই-মেইলসহ তালিকা আগামী ১৫/০৪/২০২১ খ্রি. তারিখের মধ্যে অত্র দপ্তরে ই-মেইল (dgnata14@gmail.com)-এ প্রেরণ এবং মনোনীত কর্মকর্তাদেরকে নাটা’র ওয়েবসাইটে (www.tmis.nata.gov.bd) অনলাইন রেজিস্ট্রেশন করার জন্য অনুরোধ করা হলো। কোর্সটি সম্পূর্ণ আবাসিক এবং যথাযথ সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি অনুসরণের মাধ্যমে সম্পাদিত হবে বিধায় প্রশিক্ষার্থীগনকে প্রশিক্ষণ শুরুর পূর্বের দিন নাটা ডরমিটরিতে রিপোর্ট করার নির্দেশনা প্রদানের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো। জরুরী যেকোন প্রয়োজনে সহকারী কোর্স সমন্বয়ক জনাব মোঃ আকলিমুজ্জামান, সিনিয়র সহকারী পরিচালক, নাটা, মোবা: নং-০১৭১৯৩০৩৭৯৭ এ যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য যে, ইতোমধ্যে যারা এই বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে মনোনয়ন না দেয়ার জন্য অনুরোধ করা হল।

ক্র. নং.	প্রতিষ্ঠানের নাম	প্রশিক্ষার্থীরসংখ্যা
১	কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)	১২
২	বীজ প্রত্যয়ন এজেন্সি (এসসিএ)	০৩
৩	বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)	০৫
৪	বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই)	০৫
৫	বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (বিআরআরআই)	০২
৬	বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা)	০১
৭	বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই)	০১
৮	বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট (বিডব্লিউএমআরআই)	০১
	মোট =	৩০

২৮-৩-২০২১

ড. মো. আখতারুজ্জামান

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: 02-49272104

ইমেইল: dgnata14@gmail.com,

dg@nata.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

২) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

- ৩) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
- ৪) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৫) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, দিনাজপুর
- ৬) মহাপরিচালক (চলতি দায়িত্ব), বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
- ৭) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৮) পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী
- ৯) উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস) এর দপ্তর, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)

স্মারক নম্বর: ১২.১৫.০০০০.০০২.২৫.০১৫.১৯.১১৭/১

তারিখ: ১৪ চৈত্র ১৪২৭  
২৮ মার্চ ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, সম্প্রসারণ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
- ২) পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), নাটা, গাজীপুর।
- ৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
- ৪) কোর্স কো-অর্ডিনেটর, নাটা, গাজীপুর।
- ৫) অফিস কপি



২৮-৩-২০২১

ড. মো. আখতারুজ্জামান  
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)